

“শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ”



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শুদ্ধাচার কমিটির ১৩তম সভার কার্যবিবরণী

১১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ, ২৯.০৫.২০২৩ খ্রিস্টাব্দ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর শুদ্ধাচার কমিটির ১৩তম সভা ২৯.০৫.২০২৩ তারিখ, সোমবার, দুপুর ২.৩০ টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর মোস্তফা আজাদ কামাল এবং সভাপতি, শুদ্ধাচার কমিটি-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ডা. সরকার মো: নোমান, ডিন, এসএসটি, ও সদস্য, শুদ্ধাচার কমিটি, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ২। ড. এ.এইচ. এম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, এসএসএস বিভাগ, ও সদস্য, শুদ্ধাচার কমিটি, বাউবি।
- ৩। এমএস মেহেরীন মুনজারীন রত্না, সহযোগী অধ্যাপক, ওপেন স্কুল, ও সদস্য, শুদ্ধাচার কমিটি, বাউবি।
- ৪। ড. মো: জাকিরুল ইসলাম, সহযোগী অধ্যাপক, ওপেন স্কুল ও বিকল্প ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কমিটি, বাউবি।
- ৫। এমএস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল), সদস্য-সচিব, শুদ্ধাচার কমিটি, বাউবি।


সভার শুরুতে শুদ্ধাচার কমিটির সভাপতি প্রফেসর মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুসারে সভার কাজ শুরু করার জন্য সভার সদস্য-সচিব নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল)-কে নির্দেশ প্রদান করেন। সভাপতি মহোদয়ের নির্দেশনামতে, উক্ত কমিটির সদস্য-সচিব সভার আলোচ্যসূচী অনুসারে সভার কার্যক্রম শুরু করেন।

সভার আলোচনা এবং সিদ্ধান্ত :


ক্রম নং	আলোচনার বিষয়	আলোচনা	ভবিষ্যৎ পরিকল্পনা
১.	বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর শুদ্ধাচার কমিটির ৩০.০১.২০২৩ তারিখে অনুষ্ঠিত ১২ম সভার কার্যবিবরণী অনুসমর্থন	বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর শুদ্ধাচার কমিটির ২৬.১০.২০২২ তারিখে অনুষ্ঠিত ১১ম সভার কার্যবিবরণী অনুসমর্থন করা হলো।	উক্ত সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়ন হওয়ায় সকলে সন্তোষ প্রকাশ করেন।

ক্রম নং	আলোচনার বিষয়	আলোচনা	ভবিষ্যৎ পরিকল্পনা
২.	সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজনের বিষয়াদি আলোচনা।	সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বাউবির সকল ডিন, পরিচালক/বিভাগীয় প্রধান, আঞ্চলিক পরিচালক ও উপ- আঞ্চলিক কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে একটি মতবিনিময় সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	
৩.	শুধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা;	শুধাচার সংক্রান্ত প্রশিক্ষণের প্রতিনিধি মনোনয়নের জন্য সকল স্কুল/ বিভাগ/ সেল/ সেন্টার/ উইং হতে দুইজন করে প্রতিনিধি মনোনয়নের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এই প্রশিক্ষণটি শুধাচার কমিটির উদ্যোগে আইকিউএসির ব্যবস্থাপনায় সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ভবিষ্যতে আরো নতুন নতুন আইডিয়া যেমন: প্রদর্শনী, রোল-পে এর মাধ্যমে প্রশিক্ষণ ও সচেতনতা বৃদ্ধি করার সুপারিশ করা হয়।
৪.	শুধাচার সংক্রান্ত ভিডিও ক্রিপ তৈরিসহ শুধাচার সংক্রান্ত অন্যান্য কর্মপরিকল্পনা ২০২২-২৩ (৪র্থ ত্রৈমাসিকের) বাস্তবায়নের বিষয়ে আলোচনা।	এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মিডিয়া বিভাগে ইতোমধ্যেই পত্র প্রদান করা হয়েছে মর্মে সকলকে অবগত করা হয়। তারপরও মিডিয়া বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাগাদা দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



নাজমীন আখতার
যুগ্ম-পরিচালক (কাউন্সিল)
ও
সদস্য-সচিব, শুধাচার কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।



অধ্যাপক মোস্তফা আজাদ কামাল
ট্রেজারার ও ডিন, স্কুল অব বিজনেস
এবং
সভাপতি, শুধাচার কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।